Bangladesh Thalassemia™ Foundation

# যাকাত বিতরণ কমিটির কার্যপরিধি ও যাকাত বিতরণ নীতিমালা

১. রোগীকে বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন-এর রেজিস্ট্রার্ড রোগী হতে হবে;

২. যাকাত নিতে ইচ্ছুক এমন বিটিএফ নিবন্ধিত রোগীদের কাছ থেকে পবিত্র ঈদ-উল-ফিতরের পর ১ মাসে মধ্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হবে। তবে যাকাত গ্রহণে আগ্রহী রোগীরা সারা বছরই যকাতরে জন্য আবদেন করতে পারবে। আবেদন আগে আসলে আগে ভিত্তিতে বিবেচনা করা হবে। ইতপূর্বে যারা ফাউন্ডশেন থেকে যাকাত ফান্ড থেকে সাহায্য পেয়েছে তাদেরও তথ্যভান্ডার অন্তর্ভূক্ত করার জন্য নতুন করে আবেদন করতে হবে এবং এই সকল রোগীদের চিকিৎসার ধারাবাহিকতা রক্ষা করার জন্য তা অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করা হবে;

৩. আবেদনপত্র ইসলামি শরীয়াহ মোতাবেক পর্যালোচনার করে যাকাত পাওয়ার যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত করবে এবং নিম্নোক্ত ব্যক্তিগণ যাকাত পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে:

ক. নিঃসম্বল (বিত্তহীন) ব্যক্তি

খ. ঋণগ্রস্থ ব্যক্তি

গ. নিজের প্রয়োজন মেটাতে পারে না আবার মুখফুটে চাইতে ও পারে না কিন্তু বাহ্যিকভাবে স্বচ্ছল মনে হয় এরূপ ব্যক্তি

৪. নির্বাচিত আবেদনপত্রের ভিত্তিতে প্রয়োজনীয় ক্ষেত্রে যাকাত নিতে ইচ্ছুক রোগীদের মৌখিক স্বাক্ষাৎকার গ্রহণ করবে এবং চূড়ান্ত তালিকা বিটিএফ নির্বাহী পরিষদের কাছে অনুমোদনের জন্য পেশ করবে;

৫. যাকাত বিতরণ কমিটি হতদরিদ্র ও অসহায় রোগীর আর্থিক অবস্থা বিবেচনা করে কি পরিমাণ আর্থিক সাহায্য (চিকিৎসা খরচের ১০০%, ৯০%, ৮০% ইত্যাদি) যাকাত ফান্ড থেকে সে পেতে পারে তা প্রস্তাব করবে;

৬. বিটিএফ নির্বাহী পরিষদ উক্ত তালিকা ও ফান্ডের সক্ষমতা বিবেচনা করে সহায়তা বিষয়ক খরচের হিসাব অনুমোদন করবে;

৭. কমিটি যাকাত বিতরণ বিষয়ক নীতিমালা সময় ও পরিস্থিতির আলোকে পরিবর্তন ও পরিবর্ধন বিষয়ক সুপারিশ বিটিএফ নির্বাহী পরিষদের বরাবর অনুমোদনের জন্য পেশ করবে এবং যাকাত প্রদান বিষয়ক নির্বাহী পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে;

৮. কমিটি প্রয়োজনবোধে যে কোন সময় সভায় মিলিত হবে;

৯. ইসলামী শরীয়াহ অনুমোদন করে না এমন ব্যক্তিকে যাকাত প্রদান করা হবে না;

Aledur

ডাঃ মোঃ আবদুর রহিম

মহাসচিব

বাংলাদেশ থ্যালাসিমিয়া ফাউন্ডেশন